আবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/27/2026 **গভর্নর ক্যাথি হোকল**

শিশুদের ডেন্টাল সেবার অ্যাক্সেস বাড়াতে গভর্নর হোকল 10 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করেছেন

স্কুল-ভিত্তিক স্বাস্থ্য কেন্দ্রগুলোর মাধ্যমে উন্নতমানের ডেন্টাল সেবার অ্যাক্সেস বাড়ানো

শিশুদের জন্য প্রতিরোধমূলক স্বাস্থ্যসেবার অ্যাক্সেস বাড়াতে গভর্নর Hochul (হোকল)-এর চলমান অঙ্গীকারের অংশ হিসেবে, নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ (Department of Health) আজ স্কুল-ভিত্তিক স্বাস্থ্য কেন্দ্রগুলোতে ডেন্টাল সেবার পরিধি বাড়াতে এবং স্টেটের শিশুদের মুখের স্বাস্থ্যের মানোন্নয়নে 10 মিলিয়ন মার্কিন ডলারের ঘোষণা দিয়েছেন।

"আমাদের প্রশাসনের ক্ষেত্রে শিশু স্বাস্থ্য কর্মসূচির মূল লক্ষ্য হলো যে আমাদের সবচেয়ে কমবয়সী এবং অসহায় শিশুরা যেন তাদের প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা পায় তা নিশ্চিত করা," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এই বিনিয়োগের মাধ্যমে, আমরা শিশুদের দোরগোড়ায় দাঁতের চিকিৎসা সেবা পৌঁছে দিচ্ছি এবং তাদেরকে একটি সুস্থ জীবনের পথে এগিয়ে নিয়ে যাচ্ছি।"

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য কমিশনার Dr. James McDonald (ডা. জেমস ম্যাকডোনাল্ড) বলেন, "মুখের স্বাস্থ্য সামগ্রিক স্বাস্থ্যের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্বের কল্যাণে, আমরা স্বাস্থ্যকর অভ্যাসগুলোকে সমর্থন করছি এবং অল্প বয়সেই প্রতিরোধমূলক দাঁতের চিকিৎসার অ্যাক্সেস বৃদ্ধি করছি। নিয়মিত দিনে দুইবার দাঁত ব্রাশ করা, ডেন্টাল ফ্লস ব্যবহারসহ মুখগহ্বরের ভালো পরিচর্যা অনুশীলন করা এবং প্রতিরোধমূলক মুখের স্বাস্থ্যসেবার অ্যাক্সেস পাওয়া শিশুদের দাঁতের ক্ষয় প্রতিরোধ বা কমাতে পারে এবং তাদের সামগ্রিক স্বাস্থ্যের ওপর ইতিবাচক প্রভাব ফেলে।"

এই উদ্যোগটি গভর্নর Hochul (হোকল)-এর 2024 সালের স্টেট অব দ্য স্টেট ভাষণের ফলাফল এবং এটি শিশুদের স্বাস্থ্য বিষয়ক বৃহত্তর কর্মসূচিকে সমর্থন করে। স্কুল-ভিত্তিক স্বাস্থ্যকেন্দ্রগুলো স্বল্প আয়ের এবং উচ্চ-ঝুঁকিপূর্ণ কমিউনিটিগুলোর শিশুদের বিনামূল্যে ব্যাপক আকারে প্রাথমিক ও প্রতিরোধমূলক স্বাস্থ্যসেবা প্রদান করে এবং নার্স, নার্স প্র্যাকটিশনার, ফিজিশিয়ান, ফিজিশিয়ান অ্যাসিস্ট্যান্ট, ডেন্টিস্ট, ডেন্টাল হাইজিনিস্ট, সোশ্যাল ওয়ার্কার এবং অন্যান্য স্বাস্থ্যকর্মীরা মিলে একটি দল হিসেবে কাজ করে।

এই কর্মসূচির অন্তর্ভুক্ত দাঁতের চিকিৎসা সেবাসমূহে প্রতিরোধমূলক এবং পুনরুদ্ধারমূলক মুখের স্বাস্থ্যসেবা প্রদান করা হয় — যার মধ্যে রয়েছে স্ক্রিনিং, সিল্যান্ট এবং অন্যান্য চিকিৎসা — যা সরাসরি স্কুলের মধ্যে নিম্নলিখিত উপায়ে প্রদান করা হয়:

- স্কুল ভবনের ভেতরে স্থাপিত স্থায়ী সাইটসমূহ।
- স্কুল প্রাঙ্গণে আনা মোবাইল ডেন্টাল ক্লিনিক।
- স্কুলের ভেতরে নির্ধারিত স্থানে পোর্টেবল ডেন্টাল সেটআপ।

এই তহবিলটি:

- ডেন্টাল সেবা প্রদানে সহায়তা করবে, বিশেষ করে এমন শিক্ষার্থীদের জন্য যাদের নিয়মিত মুখের স্বাস্থ্যসেবা পাওয়ার সুযোগ নেই;
- বিমার আওতাভুক্ত নয় এমন খরচগুলো বহন করবে যা অন্যথায় রোগী বা তাদের অভিভাবকদের পরিশোধ করতে হতো;
- ডেন্টাল হাইজিনিস্টের বেতনের মতো কর্মীসংক্রান্ত খরচ মেটাবে;
- ডেন্টাল কার্যক্রমের জন্য প্রয়োজনীয় সরঞ্জাম এবং সাপ্লাইজ ক্রয়ে অর্থায়ন করবে;
- সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে পরিষেবার সক্ষমতা বৃদ্ধি করবে এবং খরচের প্রতিবন্ধকতাগুলো কমিয়ে আনবে; এবং
- স্বল্প-রিসোর্সযুক্ত সেটিংসে শিক্ষার্থীদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করার মাধ্যমে স্বাস্থ্য বিষয়ক সমতা বজায় রাখবে।

তহবিলটি আগামী পাঁচ বছরে স্টেটজুড়ে 33টি স্কুল-ভিত্তিক স্বাস্থ্যকেন্দ্রে বিতরণ করা হবে। স্বচ্ছতা, জবাবদিহিতা এবং মুখের স্বাস্থ্যসেবা প্রাপ্তি নিশ্চিত করার জন্য স্টেট ব্যাপী মূল্যায়নের লক্ষ্যে, যে অপারেটরগণ এই তহবিল গ্রহণ করবেন, তাদের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলো বাধ্যতামূলক:

- সার্ভিস ডেলিভারি মেট্রিক্স সম্পর্কিত প্রতিবেদন জমা দেওয়া, যার মধ্যে দাঁতের চিকিৎসা সম্প্রসারণের সাথে সম্পর্কিত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকবে;
- কর্মসূচির প্রভাব, বিস্তৃতি এবং পরিচালনগত ফলাফল সম্পর্কিত নথিপত্র জমা দেওয়া; এবং
- এই তহবিলের মাধ্যমে কতগুলো সিল্যান্ট, স্ক্রিনিং এবং চিকিৎসা প্রদান করা হয়েছে, তার ফলাফল ট্র্যাক করা এবং শেয়ার করা।

অ্যাসেম্বলিমেম্বার Amy Paulin (অ্যামি পলিন) বলেন, "মানসম্মত ডেন্টাল সেবা পাওয়ার সুযোগ শিশুদের সামগ্রিক স্বাস্থ্য ও বিকাশের ক্ষেত্রে অপরিহার্য। আমি স্কুল-ভিত্তিক স্বাস্থ্য কেন্দ্রগুলোতে দাঁতের চিকিৎসার জন্য বিনিয়োগ করায় গভর্নর Hochul (হোকল)-কে সাধুবাদ জানাই, কারণ এই কেন্দ্রগুলো স্বল্প আয়ের এবং সুবিধাবঞ্চিত কমিউনিটির শিশুদের জন্য একটি লাইফলাইন হিসেবে কাজ করে।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ ফেব্রুয়ারি মাসকে জাতীয় শিশু দন্ত স্বাস্থ্য মাস (National Children's Dental Health Month) হিসেবে স্বীকৃতি দিয়েছে যা পিতামাতা ও অভিভাবকদের নিয়মিত দাঁতের চেকআপ ও প্রতিরোধমূলক সেবার গুরুত্ব মনে করিয়ে দেয়।

এই তহবিল নিউ ইয়র্কের শিশুদের স্বাস্থ্যের উন্নতির সামগ্রিক মিশনের মাত্র একটি অংশ। 2024 সালে, গভর্নর Hochul (হোকল) শিশু দাঁতের রোগীদের জন্য ফ্লোরাইড চিকিৎসার অ্যাক্সেস বৃদ্ধির আইনে স্বাক্ষর করেছেন।
ফ্লোরাইড দাঁতকে ক্যাভিটি থেকে রক্ষা করে এবং প্রাথমিক পর্যায়ের ক্ষয় সারাতে সাহায্য করে। নিয়মিত দাঁতের চিকিৎসকের কাছে যাওয়া এবং প্রতিদিন টুথপেস্টে ফ্লোরাইডের ব্যবহার ও পাবলিক পানীয় জলের সরবরাহে ফ্লোরাইডের সঠিক মাত্রা বজায় রাখা দাঁতের ক্ষয় প্রতিরোধের সর্বোত্তম উপায়। কমিউনিটির পানীয় জলে ফ্লোরাইড থাকলে তা দাঁতের ক্ষয় রোধের একটি কার্যকর, সাশ্রয়ী এবং নিরাপদ উপায় হিসেবে কাজ করে।

জলে ফ্লোরাইডের সঠিক মাত্রা না থাকলে, আপনার শিশুকে ফ্লোরাইড ড্রপ, ফ্লোরাইড ট্যাবলেট বা ফ্লোরাইড রিঞ্জ দেওয়া যেতে পারে। ফ্লোরাইড সাপ্লিমেন্ট সম্পর্কে আপনার দাঁতের চিকিৎসক বা শিশুরোগ বিশেষজ্ঞের সাথে অবশ্যই কথা বলুন।

শিশুর দুধ দাঁতগুলোর গুরুত্ব তাদের স্থায়ী দাঁতের মতোই সমান। এই দাঁতগুলো শিশুকে খেতে এবং কথা বলতে সাহায্য করে। এগুলো স্থায়ী দাঁত গজানোর জন্য সঠিক জায়গা ধরে রাখে। দুধদাঁতে ক্ষয় হলে যা যা হতে পারে:

- ঘুম, চিবানো এবং কথা বলায় সমস্যা
- ইনফেকশন এবং অসুস্থতা
- শেখার ক্ষেত্রে অসুবিধা

আমেরিকান অ্যাকাডেমি অব পেডিয়াট্রিক ডেন্টিস্ট্রি (The American Academy of Pediatric Dentistry, AAPD) শিশুদের প্রথম দাঁত ওঠার 6 মাসের মধ্যে অথবা তাদের প্রথম জন্মদিনের মধ্যে প্রথমবার ডেন্টিস্ট দেখানোর পরামর্শ দেয়। প্রথমবার দেখানোর পর, শিশুর মুখের স্বাস্থ্যের প্রয়োজন অনুযায়ী নিয়মিত ডেন্টিস্টের কাছে যাওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে। নির্দিষ্ট বয়সভিত্তিক গ্রুপের প্রতিদিনের স্বাস্থ্যবিধি বিষয়ক অভ্যাস এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্য ও পরামর্শ বিভাগের ওরাল হেলথ ফর ইনফ্যান্টস অ্যান্ড চিল্ড্রেন ওয়েব পেজে পাওয়া যাবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন